

(প্রেস বিজ্ঞপ্তি)

১৯ মে ২০২২

## বর্জ্য থেকে বিদ্যুৎ উৎপাদনে চীনের সিএনটিওয়াই ও এলডিসি প্রতিনিধি'র চসিক ভারপ্রাপ্ত মেয়র মো.গিয়াস উদ্দিনের সাথে সৌজন্য সাক্ষাত করেন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত মেয়র মো. গিয়াস উদ্দিনের সাথে চীনের সিএনটিওয়াই'র ভাইস প্রেসিডেন্ট সিনিয়র প্রকৌশলী মি: চেংগুয়ান সোং ও এলডিসি গ্রুপ অব কোম্পনিজের পরিচালক মি: সুনজী আজ বৃহস্পতিবার সকালে চসিকের টাইগারপাসস্থ অফিসে মেয়র কক্ষে এক সৌজন্য সাক্ষাত করেন। সাক্ষাতে তারা চট্টগ্রাম সিটি কর্পোরেশন সংগ্রহকৃত আবর্জনা থেকে বিদ্যুৎ উৎপাদনের প্রস্তাবিত প্রকল্প কাগজে কলমে না দেখে সরেজমিনে পরিদর্শনের আহবান জানান। ভারপ্রাপ্ত মেয়র প্রতিনিধি দলের প্রস্তাবিত বিশ্বের ১০টি দেশে বাস্তবায়িত প্রকল্পের যে কোন একটি প্রকল্প পরিদর্শনের জন্য সিটি মেয়র, স্থায়ী সরকার ও বিদ্যুৎ মন্ত্রণালয়ের মাধ্যমে চিঠি প্রদানের অনুরোধ জানান এবং আবর্জনা থেকে বিদ্যুৎ উৎপাদনে পরিবেশগত কোন সমস্যা হবে কিনা জানতে চাইলে মি: চেংগুয়ান সোং বলেন, এধরণের বিদ্যুৎ উৎপাদনে পরিবেশের কোন সমস্যা হবে না। প্রতিনিধি দলের নেতৃবৃন্দ আরো জানান, বর্জ্য রিসাইক্লিং কাজে যে পানি ব্যবহার করা হবে তা রিডিউস করে নর্দমায় ফেলা হবে এবং পোড়ানো এস থেকে ব্লক তৈরী করে তা রাস্তায় ব্যবহার করা যাবে। ভারপ্রাপ্ত মেয়র মো. গিয়াস উদ্দিন তাদের এই প্রস্তাব বিবেচনা করা হবে বলে আশ্বাস প্রদান করেন।

এ সময় ওয়ার্ড কাউন্সিলর মো. আবুল হাসনাত বেলাল, মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাসেম উপস্থিত ছিলেন।

## শিশু উন্নয়নে বাজেট বরাদ্দ বিষয়ক সংলাপে ভারপ্রাপ্ত মেয়র চসিক বাজেটে শিশুবান্ধব কার্যক্রমের উপর গুরুত্ব দেয়া হবে

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত মেয়র মো. গিয়াস উদ্দিন বলেছেন, আজকের শিশু আগামী দিনের ভবিষ্যৎ এই শিশুরাই জাতিগঠনের মূলভিত্তি। পরিবার, সমাজ ও শিক্ষা প্রতিষ্ঠান থেকে শুরু করে সকল ক্ষেত্রে শিশুদের অধিকার ও মর্যাদা রক্ষা করা একান্ত আবশ্যিক। শিশুর শিক্ষা স্বাস্থ্যসহ সার্বিক উন্নয়ন নিশ্চিত করা এবং অধিকার সংরক্ষণের মাধ্যমে একটি সৎ, দেশপ্রেমিক ও কর্মঠ ভবিষ্যত প্রজন্ম গড়ে তোলার ক্ষেত্রে বর্তমান প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার যত্নশীল এবং সক্রিয়। শিক্ষা ক্ষেত্রে প্রাথমিক পর্যায়ে জেন্ডার সমতা অর্জিত রয়েছে বরং যা সহস্রাব্দের লক্ষ্যমাত্রা পূরণ করেছে। তিনি জানান, নগরীর বৃহৎ অংশের শিশুদের দারিদ্র বিমোচন, পুষ্টি, স্বাস্থ্যসেবা, নিরাপদ আশ্রয়, পয়নিষ্কাশন ইত্যাদি সুবিধা নিশ্চিত করার লক্ষ্যে চট্টগ্রাম সিটি কর্পোরেশন বিভিন্ন কর্মপরিকল্পনা, কার্যক্রম ইউএনডিপি ও এলআইউপিসির সহযোগিতায় পরিচালিত হচ্ছে। আজ বৃহস্পতিবার সকালে চসিক সম্মেলন কক্ষে কর্ণফুলী আরবান প্রোগ্রাম ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশের সহযোগিতায় অগ্নিবীনা শিশু ফোরাম চট্টগ্রামের উদ্যোগে “শিশু উন্নয়নে বাজেট বরাদ্দ বিষয়ক সংলাপ ২০২২” শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশের টেকনিক্যাল কো-অর্ডিনেটর শ্যামল ফ্রান্সিস রোজারিও'র সভাপতিত্বে এতে বক্তব্য রাখেন- সিটি মেয়রের একান্ত সচিব মুহাম্মদ আবুল হাসেম, অতি. প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা হুমায়ন কবির চৌধুরী, মো. জামাল উদ্দিন, উইলিয়াম গোমেজ, শারমিন আক্তার, শিশু ফোরামের পক্ষে দিপাশ্বিতা তালুকদার, বাজেট পিটিশন পাঠ করেন আচ্যতানন্দ চক্রবর্তী ও হুমায়রা জান্নাত প্রমুখ।

তিনি বলেন, শিশুদের শারিরিক ও মানসিক বিকাশে শিক্ষা ও বিনোদনের উপযুক্ত সুযোগ নিশ্চিত করার লক্ষ্য নিয়ে বর্তমান শিশুবান্ধব মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী বিভিন্ন মাঠ সংস্কার ও পার্ক নির্মাণ প্রকল্প গ্রহণ করেছেন। তিনি শিশুদের স্বার্থ রক্ষার্থে চসিকের বাজেট প্রণয়নের ক্ষেত্রে জাতীয় শিশু নীতি প্রাসঙ্গিক ও গুরুত্ব সহকারে বিবেচনা করার জন্য মেয়রকে অবহিত করবেন বলে শিশু ফোরামের সদস্যদের আশ্বস্ত করেন। ভারপ্রাপ্ত মেয়র আরো বলেন, চট্টগ্রাম সিটি কর্পোরেশন প্রতি বছর বাজেটে শিশুদের উন্নয়নে ২ কোটি টাকা বাজেট রাখেন কিন্তু ইয়থ ফোরাম বা শিশু ফোরাম যোগাযোগ করেনা বিধায় এই টাকা ব্যয় করা যায় না। এছাড়াও ওয়ার্ড কাউন্সিলদের সাথে মতবিনিময় করার জন্য তিনি ইয়থ ফোরাম নেতৃবৃন্দকে পরামর্শ দেন। আলোচনা শেষে শিশু ফোরামের পক্ষে অচ্যুতানন্দ চক্রবর্তী ও হুমায়রা জান্নাত ভারপ্রাপ্ত মেয়রের নিকট বাজেট পিটিশন হস্তান্তর করেন।

**স্বাক্ষরিত/-**

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩